গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

অটোমেটিক চালকল, পাটের বস্তা গ্রহণ ও বিতরণ সহজিকরণ এবং জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান/চাল সংগ্রহ বিষয়ে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জামাল হোসেন পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০৬/০৯/২০২২ খ্রি:, মঙ্গলবার ।
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	Zoom অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয় । সভাপতি ,সদস্য এবং সংশ্লিষ্টরা নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন ।
উপস্থিতি	পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১.	অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয়	সভায় অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপর্যুক্ত বিষয়ে বিগত সভার সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	ক) আবশ্যিকভাবে সেপ্টেম্বর'২০২২ মাসের ভিতরে প্রত্যেক বিভাগে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগনের নেতৃত্বে অটোমেটিক চালকলের মিলারদের নিয়ে সভা আয়োজন করে মতামত গ্রহন করতে হবে। খ) আবশ্যিকভাবে সেপ্টেম্বর'২০২২ এর ভিতরে ৮টি বিভাগের ৮টির সভা সম্পন্ন করার পর কেন্দ্রীয়ভাবে ঢাকাতেও স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় সভা আয়োজন করতে হবে। গ) অটোমেটিক চালকলের প্রস্তাবিত ফরম ও সকল প্রতিবেদন লাইভ এপ্লিকেশনে সংযুক্ত করতে হবে।	ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) খ) পরিচালক, সংগ্রহ, খাদ্য অধিদপ্তর/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) গ) সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর/ জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও/ কুষ্টিয়া/ জনাব রাহিমা শাহীন, সিইও, AccenTech (Pvt.) Limited
২	সরকারি খাদ্য গুদামে বিনির্দেশসম্মত পাটের বস্তা গ্রহণ ও বিতরণ সহজিকরণ।	সভায় সরকারি খাদ্য গুদামে বিনির্দেশসম্মত পাটের বস্তা গ্রহণ ও বিতরণ সহজিকরণ সফটওয়্যার তৈরির অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়।	ক) সেপ্টেম্বর'২০২২ মাসের ভিতরে দ্রুত সফটওয়্যার প্রস্তুতকারি প্রতিষ্ঠান Parkway সফটওয়্যার কোম্পানি এবং AccenTech (Pvt.) Limited সাথে উক্ত ইনোভেশন আইডিয়াটির টিম লিডার ও সদস্যগণ, সিস্টেম এনালিস্ট এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক,কুষ্টিয়া কে নিয়ে অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয়ের উপস্থিতিতে সভা আয়োজন করে সফটওয়্যার বাস্তবায়ন করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) পরিচালক, সংগ্রহ, খাদ্য অধিদপ্তর/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (রাজশাহী) ও তার টিম / সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর

৩	জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান/চাল সংগ্রহ।	সভায় বোরো'২০২২ মৌসুমে জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান/চাল সংগ্রহ নিয়ে আলোচনা করা হয়।সভায় জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও ইনোভেশন টিমকে অবহিত করেন যে, বোরো বোরো'২০২২ মৌসুমে ঠাকুরগাঁও সদরে ১৭৬.৭৬৬ মে.টন জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড চাল এবং ৯০ মে.টন জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান সংগ্রহ করা হয়েছে। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ইনোভেশন টিমকে অবহিত করেন যে, বোরো বোরো'২০২২ মৌসুমে বরিশাল জেলায় ১৪৪ মে.টন জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড চাল এবং ৩৩৬ মে.টন জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান সংগ্রহ করা হয়েছে।	ক) বোরো'২০২২-২৩ মৌসুমেও জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান/চাল সংগ্রহ নিয়ে কৃষকদের মাঝে প্রচারনা চালাতে হবে এবং জিঙ্ক সমৃদ্ধ বায়োফর্টিফায়িড ধান/চাল সংগ্রহ অন্যান্য জেলায় সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে।	ক) পরিচালক, সংগ্রহ, খাদ্য অধিদপ্তর / সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জামাল হোসেন
পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২১৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৯
০৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ

৭) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো

৮) নির্বাহী প্রকৌশলী (পুর), নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তর

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,বগুড়া

১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,টাঙ্গাইল

১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,কুষ্টিয়া

১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,ঠাকুরগাঁও

১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,বরিশাল

১৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,রংপুর

১৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,কিশোরগঞ্জ

১৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,শেরপুর

১৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,গাইবান্ধা

১৮) প্রোগ্রামার, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

১৯) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

২০) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

২১) জনাব রাহিমা শাহীন, , সিইও, AccenTech (Pvt.) Limited,৭৩/ডি, সেন্ট্রাল রোড,ঢাকা-১২০৫

মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট